



সৌদি আরবে তেল স্থাপনা লক্ষ্য করে হতিদের হামলা



ছবি: সংগৃহীত

সৌদি আরবের ধারানানে রাষ্ট্রীয় তেল কোম্পানি আরামকোর একটি প্রশাসনিক ভবনে হামলা চালিয়েছে ইয়েমেনের সশস্ত্র গোষ্ঠী হুতি। মঙ্গলবার (১৩ অক্টোবর) এ ঘটনায় ভবনটিতে আগুন লাগলেও হতাহতের খবর পাওয়া যায়নি।

সৌদি জ্বালানি মন্ত্রণালয়ের বরাতে দেশটির রাষ্ট্রীয় সংবাদ সংস্থা এসপিএ জানিয়েছে, আগুন নিয়ন্ত্রণে কাজ করেছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। তবে হামলায় কী ধরনের অস্ত্র ব্যবহার করা হয়েছে, তা জানানো হয়নি।

এর কয়েক ঘণ্টা আগে ইয়েমেনের রাজধানী সানায় তেল স্থাপনায় হামলা চালায় সৌদি নেতৃত্বাধীন জোট। এর পরই সৌদি আরবের তেল স্থাপনাগুলোকে লক্ষ্যবস্তু করার ইশিয়ারি দেয় হুতিরা।

হুতিদের মুখপাত্র ইয়াহিয়া সারি বলেন, সানায় হামলার জবাবে সৌদি আরবের রিয়াদে পাল্টা আঘাত হানা হবে। এদিকে সৌদি কর্তৃপক্ষ জানিয়েছে, রিয়াদমুখী দুটি ক্ষেপণাস্ত্র প্রতিহত করা হয়েছে। এর ধ্বংসাবশেষ পড়ে চারজন আহত হয়েছেন এবং ১৫টি বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে বলে জানানো হয়।

সৌদি আরব ও আশপাশের দেশগুলোতে সাম্প্রতিক হামলা-পাল্টা হামলায় আঞ্চলিক উত্তেজনা আরও বেড়েছে।